‘কেবল টাকার পেছনে ছোটার সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে হবে’

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, কেবল টাকার পেছনে ছোটার সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে হবে। শুধু টাকার পেছনে না ছুটে দেশের কল্যাণে ও মানুষের কল্যাণে কাজ করতে হবে। মাদক ও কিশোর গ্যাং বর্তমান সময়ে দেশের জন্য বড় সমস্যা। তবে মাদক নির্মূল ও কিশোর গ্যাং দমনের দায়িত্ব শুধু আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একার নয়। এ সমস্যা সবার, তাই সমাধানের দায়িত্বও সবাইকে নিতে হবে। এ ব্যাপারে আইনজীবীসহ সমাজের সকল শ্রেণি-পেশার মানুষকে ঐক্যবদ্ধ হয়ে তা মোকাবিলায় এগিয়ে আসতে হবে।

দ্বিতীয় মেয়াদে রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় কিশোরগঞ্জ জেলা আইনজীবী সমিতির উদ্যোগে তাঁর সম্মানে আয়োজিত এক সংবর্ধনা সভায় তিনি প্রধান অতিথির বক্তব্য দেন। পরে তিনি আইনজীবীদের জন্য ১০ তলা রাষ্ট্রপতি আবদুল হামিদ ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

রাষ্ট্রপতি বলেন, প্রতি জেলায় ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল মাত্র একটি এবং এই আদালত মামলার ভারে ভারাক্রান্ত। কিশোরগঞ্জ ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল আদালতেই মামলার সংখ্যা ৪৩ হাজার। এর ফলে বিচার সম্পন্ন হতে অনেক সময় লাগছে এবং বিচারপ্রার্থীদের দুর্ভোগ পোহাতে হচ্ছে। সারা দেশেই এই পরিস্থিতি বিরাজমান। এ অবস্থা থেকে উত্তরণে প্রতি উপজেলায় একজন সহকারী জজ নিয়োগ দিয়ে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল স্থাপন করা প্রয়োজন।

বিচারপ্রার্থীদের হয়রানি না করার জন্য আইনজীবীদের অনুরোধ জানিয়ে তিনি বলেন, শুধু অর্থকে প্রাধান্য দিলে বিচারপ্রার্থীদের সাথে দূরত্ব সৃষ্টি হয়। আগের সংসদগুলোতে আইনজীবীদের প্রাধান্য থাকলেও বর্তমানে তা ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। ১৯৭০ সালের সংসদে আইনজীবীর সংখ্যা ছিল ৫১ ভাগ। আমার সময়ে অষ্টম সংসদে ছিল মাত্র ৩৩ জন। এখন হয়তো তা আরও কম। এর কারণ খুঁজে বের করতে হবে।

আবদুল হামিদ আরো বলেন, দেশের প্রচলিত জলাধার আইনে যেখানে নিজের পুকুর ভরাট করা নিষিদ্ধ, সেখানে অর্থের লোভে নিজের পুকুর তো বটেই, সরকারি পুকুরও জবর-দখল করে ভরাট করে ফেলা হচ্ছে। এর ফলে

আগুন নেভানোর পানি পর্যন্ত পাওয়া যায় না। এ ব্যাপারে প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সমাজের সবাইকে ভূমিকা পালন করতে হবে।

জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মিয়া মো. ফেরদৌসের সভাপতিত্বে আইনজীবী সমিতি ভবন প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কিশোরগঞ্জ-২ আসনের সাংসদ নূর মোহাম্মদ, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মো. জিল্লুর রহমান, জেলা ও দায়রা জজ মো. সায়েদুর রহমান খান এবং জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট শহীদুল আলম শহীদ।

সংবর্ধনা সভা শেষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ আইনজীবীদের জন্য ১০ তলা রাষ্ট্রপতি আবদুল হামিদ ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। আনুমানিক ২৫ কোটি টাকা ব্যয়ে ভবনটি নির্মিত হচ্ছে।

উল্লেখ্য, সাত দিনের সফরে বুধবার (৯ অক্টোবর) রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ কিশোরগঞ্জে আসেন। ১৫ অক্টোবর তিনি ঢাকার উদ্দেশে কিশোরগঞ্জ ত্যাগ করবেন।